

২০২০

বাংলা

(প্রোগ্রাম)

[ল্যান্ডস্কেপ কোর কোর্স]

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGP/LCC-T-1

(শাক্ত পদাবলী, কাব্য ও উপন্যাস)

পূর্ণমান : ৬০

সময় : ২ ½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) ‘শুকনো তরু মুঞ্জরে না’ — ‘মুঞ্জরে’ বলতে এখানে কী বোঝানো হয়েছে?
- খ) ‘মা আমায় ঘুরাবি কত’ — এটি কোন্ পর্যায়ের পদ, রচয়িতার নাম লেখো।
- গ) ‘গিরি এবার আমার উমা এলে’ — গিরি বলতে এখানে কার কথা বলা হয়েছে?
- ঘ) ‘সম্মুখ সমরে পড়ি, বীর চূড়ামণি’ — ‘বীর চূড়ামণি’ কে? উদ্ধৃতাংশটি কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

(পরের পাতায়)

- ঙ) ‘তুমিও আইস দেবি, তুমি মধুকরী কল্পনা।’ — এখানে কে, কোন্ দেবীকে আহ্বান করেছেন?
- চ) ‘এ বিলাপ কভু, দেবি সাজে কি তোমারে’? — কে, কাকে এই উক্তি করেছেন?
- ছ) ‘সৌমিত্রি’ কার নাম? তাঁর এরূপ নামকরণের কারণ কি?
- জ) কুশাসনে ইন্দ্রজিত পূজে ইষ্টদেবে নিভূতে’, — ইন্দ্রজিতের ইষ্টদেবের নাম কী?
- ঝ) ‘পরদোষে কে চাহে মজিতে’ — উক্তিটি কে কাকে করেছেন?
- ঞ) ‘অকস্মাৎ সতী মুছিয়া সিন্দুরবিন্দু’ — কে, কেন সিন্দুরবিন্দু মুছে ফেলেছিল?
- ট) ‘যেয়ো না রজনী’ — কার লেখা, কোন্ পর্যায়ের পদ এটি?
- ঠ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়েছিল? উপন্যাসিকের নাম লেখো।
- ড) কে কুবের ও কপিলাকে ময়নাদ্বীপে নিয়ে যেতে চেয়েছিল?
- ঢ) পেশাগত দিক থেকে কুবের কোন্ জীবিকায় যুক্ত ছিলেন?
- ণ) মেঘনাদবধ কাব্যটি কয়টি সর্গে বিভক্ত?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) ‘ভক্তের আকৃতি’ পর্যায়ে শাক্তপদকর্তাদের আন্তরিক প্রার্থনা কীভাবে অসাধারণত্ব পৌছেছে, তোমার পঠিত পদ অবলম্বনে তা আলোচনা করো।
- খ) নিকুঞ্জিলা যজ্ঞাগারে লক্ষণ কর্তৃক ইন্দ্রজিত নিধনের পর্বটি নিজের ভাষায় লিপিবদ্ধ করো।
- গ) রাবণের রাজসভায় শোকাকুলা চিত্রাঙ্গদা চরিত্রটি কীভাবে বর্ণিত হয়েছে, তা আলোচনা করে বুঝিয়ে দাও।

- ঘ) মাইকেল মধুসূদন দত্ত তাঁর কাব্যে বিভীষণকে কেন খলনায়করূপে উপস্থিত করেছেন? বিভীষণ চরিত্রটি বিশ্লেষণ করো।
- ঙ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে কুবেরের জেলেজীবনের বর্ণনা দাও।
- চ) হোসেন মিয়ার ময়নাদ্বীপ সম্পর্কে আলোচনা করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) ‘দেবতারে প্রিয় করি, নিজেই দেবতা’ — রবীন্দ্রনাথের এই উক্তির আলোকে শাক্তপদাবলীতে আগমনী পর্যায়ে তোমার পাঠ্য পদগুলি বিশ্লেষণ করো।
- খ) ‘মেঘনাদবধ’ কাব্যের প্রথম সর্গে অবলম্বনে পুত্রশোকসন্তপ্ত রাবণ চরিত্রটি বর্ণনা করো।
- গ) আঞ্চলিক উপন্যাস কাকে বলে? ‘পদ্মানদীর মাঝি’কে যথার্থ আঞ্চলিক উপন্যাস বলা যায় কিনা বুঝিয়ে দাও।
- ঘ) উদাহরণসহ ‘মেঘনাদবধ’ কাব্যের অমিত্রাক্ষর ছন্দটি’র স্বরূপ বিশ্লেষণ করো।
-